একই স্মারক ও তারিখের সংশোধিত পত্র

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessorebjoard.gov.bd

স্মারক সংখ্যা–বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/০৬ তারিখ : ১০-০৯-২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৩ সালে অধ্যয়নরত ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও জেএসসি নিবন্ধন প্রসঙ্গে**

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০২৩ সালে অধ্যয়নরত ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও জেএসসি নিবন্ধন নিম্নরূপে সম্পন্ন হবে-

১। ২০২৩সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। জেএসসি শিক্ষার্থীদের পরীক্ষা বছরের ১ জানুয়ারি ন্যূনতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বরে সর্বোচ্চ ১৭ বছর।

৩। ২০২২ সালে সপ্তম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নামের তালিকা ২০২৩ সালের অষ্টম শ্রেণিতে অনলাইনে প্রদর্শন করা হয়েছে।

৪। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে নিবন্ধনের কাজ করা যাবে না।

৫। **প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলক্রটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।**

৬। অনলাইনে তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধনকরণের সময়সূচি জরিমানা ছাড়া **১০-০৯-২০২৩ হতে ৩১-১০-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত** এবং **বিলম্ব জরিমানা ফিসসহ ০১-১১-২০২৩ হতে ৩০-১১-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।** নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপি এর সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। তবে অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

৭। শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে অনলাইনে প্রেরণ করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৮। ক) অষ্টম শ্রেণির শিক্ষার্থী প্রতি ফিসের হার -

| বিবরণ | শিক্ষার্থীর সংখ্যা | নিবন্ধন ফিস | স্কাউট ফিস | রেডক্রিসেন্ট ফিস | মোট টাকার পরিমাণ | বিলম্ব ফিস |
|---|---|---|---|---|---|---|
| ফিসের পরিমাণ | ০১ | ৫০/- | ১৫/- | ২৪/- | ৮৯/- | ৫০/- |

**খ) শিক্ষার্থী প্রতি রেডক্রিসেন্ট ফিস ৬০/- (ষাট) টাকা আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থাৎ ৩৬/- (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% অর্থাৎ ২৪/- (চব্বিশ) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।**

৯। অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ৩০-১০-২০২৩ খ্রি. পর্যন্ত ফিস ব্যতীত এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে ছাড়পত্র (e-TC) প্রদান করা যাবে। **০১/১১/২০২৩ খ্রি. তারিখ হতে ফরম ফিলআপ এর পূর্ব পর্যন্ত ফিসসহ e-TC চলমান থাকবে। সেক্ষেত্রে সোনালী সেবার মাধ্যমে ৮০০/- (আটশত টাকা মাত্র) টাকা ফিস প্রদানপূর্বক ছাড়পত্র (e-TC) প্রদান করা যাবে। এর পর কোন অবস্থাতেই ছাড়পত্র (e-TC) প্রদান করা যাবে না। বোর্ডের অভ্যন্তরে (e-TC)** এবং আন্তঃবোর্ড বদলী/ছাড়পত্র (e-BTC) **অনলাইনে আবেদন এবং সোনালী সেবা করার নিয়মাবলি নিম্নরূপ:**

**# যশোর বোর্ডের ওয়েবসাইট** (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।

**# বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।**

**# প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।**

**# বামপাশের মেন্যুবার থেকে e-TC Application→ Creat Application মেন্যুতে ক্লিক করুন।**

**# আবেদন ফরম পূরণ করে সাবমিট করুন। সাবমিট করার পর সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।**

**# সোনালী ব্যাংকে ফিস জমা হলে এবং ভর্তিচ্ছু বিদ্যালয় কর্তৃক অনলাইনে একই প্যানেল থেকে গ্রহণ করলে (Accept) স্বয়ংক্রিয়ভাবে e-TC আবেদন অনুমোদন হয়ে যাবে। অনুমোদনের পর একই প্যানেল থেকে চিঠি প্রিন্ট করা যাবে।**

**# আন্তঃবোর্ড ইটিসি (e-BTC) এর ক্ষেত্রে উপরে বর্ণিত একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে ভর্তিচ্ছু বিদ্যালয় কর্তৃক অনলাইনে (Accept) করার প্রয়োজন নেই।**

১০। যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের (www.jessoreboard.gov.bd) বামপাশের মেন্যু থেকে 'Student Management' বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বোর্ডের ওয়েবসাইটের LATEST NOTICE এ প্রদত্ত জেলাভিত্তিক মাস্টার ট্রেইনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নেয়ার জন্য যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বরগুলো হতে সহায়তা পাওয়া যাবে। **মোবাইল নম্বর ০১৭১৫৮৫১১৪৫,০১৭১৪৩০৩৫৫৬**

১১। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ নিজ নিজ ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

১২। শিক্ষার্থীর নিজের এবং পিতা ও মাতার নামের পূর্বে Mr, Mrs, Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Eng, Late, Major, Colonel, Brigadier, Dr., Prof. ইত্যাদি ধরণের পদবি এবং নামের শেষে MA, MCOM, MSC, BA, BSC, BSS, BBS, FRCS, PHD, FCPS, FCA, Master ইত্যাদি ধরণের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

বি. দ্র. **শিক্ষার্থীদের নিবন্ধনের তথ্য প্রদানের সময় পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ এর তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। শিক্ষার্থীর পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রে কোন প্রকার ভুল থাকলে তা সংশোধন করে তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**

০৭/১০/২০২৩

**(মোঃ সিরাজুল ইসলাম)**
**বিদ্যালয় পরিদর্শক**
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
**যশোর।**
**ফোন নং- ০৪২১-৬৮৬৩৪**

স্মারক সংখ্যা–বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/০৬ তারিখ: ১০-০৯- ২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো-

১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৩। উপ-পরিচালক (প্রাথমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৮। সংরক্ষণ নথি।

**(সেলিনা সুলতানা)**
**উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)**
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
**যশোর**
**ফোন নং-০৪২১-৬৮৬৯৮**